

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন  
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

স্মারক নং-৩৪,০১,০০০০,০৮০,৪৩,৩০,১৫-১৬

ତାରିଖ : ୧୧-୦୧-୨୦୧୬ ସିଃ

বিষয় ৪: যুব উন্নয়ন অধিদপ্তরাধীন 'টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার'র অন ছাইলস ফর আভারপ্রিভিলেজড কুর্স ইয়ৎ পিপল অব বাংলাদেশ (টেকাব)' শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্পের ভ্রাম্যমাণ কম্পিউটার ভ্যানে একমাসব্যাপী কম্পিউটার প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরাধীন 'টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার'র অন হাইলস ফর আডারপ্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকাব)' শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্পের অধীনে কম্পিউটার ভ্যানে একমাসব্যাপী কম্পিউটার প্রশিক্ষণ কোর্সটি দ্রুততম সময়ের মধ্যে আপনার জেলার কেশবপুর উপজেলায় শুরু হবে। এক মাসের কোর্সটি প্রতিদিন ২টি শিফটে (সকালের শিফট সকাল ৯টা - দুপুর ১টা ও বিকালের শিফট দুপুর ১ টা - বিকাল ৫টা) ১৮-৩৫ বছর বয়সী সমান সংখ্যক যুবক ও যুব মহিলা (এইচ. এস. সি পাস যুবক ও এস.এস.সি পাস যুব মহিলা) প্রতিটি ব্যাচে প্রশিক্ষণার্থীদের সংখ্যা ৪০ জন। গত ১৪-০৭-২০১৫ তারিখ ৩৪,০১,০০০০.০৪০, ৪৩,৩৬,২০১৫-০৬ সংখ্যাক পত্রে প্রকল্পের পরিচিতি ও প্রশিক্ষণ বিষয়ে সার্বিক দিক নির্দেশনা দিয়ে প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় প্রস্তুতির অনুরোধ জানানো হয়েছিল। প্রকল্পের জনবল নিয়োগ না হওয়া পর্যন্ত জেলা কার্যালয়াধীন সমান্ত "বেকার যুবদের কারিগরী প্রশিক্ষণ প্রকল্প (২য়-পর্ব)-এর কম্পিউটার ট্রেনিং সেন্টারের প্রশিক্ষক (কম্পিউটার) অথবা সহকারী প্রশিক্ষক (কম্পিউটার)-কে দিয়ে উপজেলা পর্যায়ে ১ মাস মেয়াদী কম্পিউটার প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হবে। প্রশিক্ষকের ১ মাসের সম্মানী বাবদ ২০,০০০/- হাজার টাকা প্রকল্প থেকে প্রদান করা হবে। প্রশিক্ষণ সংক্রান্ত অন্যান্য খরচাদি নিয়ম মোতাবেক প্রকল্প থেকে বহন করা হবে। এ বিষয়ে কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

প্রশিক্ষণ শুরুর নিমিত্ত সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে উল্লেখিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণার্থী মনোনয়ন-প্রস্তাব সংশ্লিষ্ট উপ-পরিচালকের মাধ্যমে প্রধান কার্যালয়ে প্রেরণ এবং আইসিটি ট্রেনিং ভ্যানটি এক মাসের জন্য একটি সুবিধাজনক স্থানে (যেখান থেকে বৈদ্যুতিক সংযোগ পাওয়া সহজ হবে) ও নিরাপত্তা বেষ্টনীর মধ্যে রাখার বিষয়ে উল্লেখিত পত্রে নির্দেশনা দেয়া হয়েছিল। আপনার জেলার কেশবপুর উপজেলায় দ্রুততম সময়ের মধ্যে কম্পিউটার প্রশিক্ষণ প্রদান আয়োজনে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণপূর্বক প্রস্তুতির অগ্রগতি জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(আবুল হাত্তান আল) ১/১৮

প্রকল্প পরিচালক (অঃ দাঃ)

টেকার প্রকল্প

ପ୍ରକାଶନ ନଂ ୧୯୮୦୧୦୭

卷之三

ପ୍ରାପକ

উপ-পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর

যশোর ।

## সদয় অবগতির জন্য অনুলিপি :

- ০১। মাননীয় সংসদ সদস্য, সংশ্লিষ্ট নির্বাচনী এলাকা।  
০২। পরিচালক, প্রশাসন ও অর্থ/পরিকল্পনা/প্রশিক্ষণ/বাস্তবায়ন/দাখিলিঃওঝণ, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।  
০৩। জেলা প্রশাসক, যশোর।  
০৪। পুলিশ সুপার, যশোর।  
০৫। উপজেলা চেয়ারম্যান, কেশবপুর, যশোর।  
০৬। উপজেলা নিবাহী অফিসার, কেশবপুর, যশোর।  
০৭। ভারপ্রাণ কর্মকর্তা, কেশবপুর, যশোর।  
০৮। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কেশবপুর, যশোর।  
০৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।  
১০। অফিস কপি।